

ডায়েরি/ওয়েবসাইটে	
আপলোডের ব্যবস্থা নিন	
স্টেশন প্রকৌশলী	
উপ-স্টেশন প্রকৌশলী	
সংসদার বেতার প্রকৌশলী	
বেতার প্রকৌশলশালান	

06/07/2022

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ বেতার  
সদর দপ্তর  
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরনি  
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা ১২০৭।  
www.betar.gov.bd



স্মারক নং ১৫.৫৩.০০০০.০১৩.১৩.৪১০.২০২০.৭৪৮

তারিখ: ২৯/০৭/২০২২

প্রাপক,

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার  
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার কাযালয়,  
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, হিসাব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ অবসর ভাতা ও আনুতোষিক মঞ্জুরী।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানাচ্ছি যে, স্টেশন প্রকৌশলীর কাযালয়, মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকার সাবেক মটর চালক জনাব মোঃ আলতাফ হোসেন এর জন্ম তারিখ ০৬-০৮-১৯৬১ খ্রিঃ। বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার ১৩-০৮-২০২০ তারিখের ১৫.৫৩.০০০০.০১৩.১৩.৪১০.২০২০-১০৬৯ নম্বর অফিস আদেশে জনাব মোঃ আলতাফ হোসেন-কে ০৫-০৮-২০২০ তারিখে অবসর প্রদান পূর্বক ০৬-০৮-২০২০ তারিখ থেকে ০৫-০৮-২০২১ তারিখ পর্যন্ত মোট ১ (এক) বছরের অবসরউত্তর ছুটি মঞ্জুরি প্রদান করা হয়। অবসর উত্তর ছুটি শেষে জনাব মোঃ আলতাফ হোসেন ০৬-০৮-২০২১ তারিখে চূড়ান্ত অবসর গ্রহণ করেন। বিধি অনুযায়ী তিনি অবসর ভাতা ও আনুতোষিক মঞ্জুরির জন্য আবেদন করেছেন। তাঁর আবেদনের পরিপ্রেক্ষিতে মূল বেতন ২৬,১০০/-টাকা হারে অবসর ভাতা বাবদ ১১,৭৪৫/-(এগার হাজার সাতশত পঁয়তাল্লিশ টাকা) মাত্র এবং আনুতোষিক বাবদ ২৭,০১,৩৫০/- (সাতাশ লক্ষ এক হাজার তিনশত পঞ্চাশ টাকা) মাত্র মঞ্জুরি প্রদান করছি। নিরীক্ষান্তে অবসর ভাতা ও আনুতোষিক মঞ্জুরির আদেশ নামা জারীর জন্য নিম্নে বর্ণিত কাগজপত্রাদি এতদসঙ্গে প্রেরণ করছি।

১।	চাকুরির খতিয়ান বই	:	৪ খন্ড
২।	পেনশন পেপার	:	১ কপি
৩।	শেষ বেতনের প্রত্যয়নপত্র	:	১ কপি
৪।	না-দাবী পত্র	:	১ কপি
৫।	উত্তরাধিকারী ঘোষণাপত্র	:	১ কপি
৬।	সত্যায়িত ছবি	:	২ কপি
৭।	নমুনা স্বাক্ষর/আঙ্গুলের ছাপ	:	১ কপি
৮।	নিয়মিত রাজস্ব খাতভুক্ত কর্মচারীর হিসাবে প্রত্যয়নপত্র	:	১ কপি
৯।	সরকারি বাসায় বসবাস করেননি মর্মে না-দাবী পত্র	:	১ কপি
১০।	বিভাগীয় মামলা/কোর্ট কেইস নেই মর্মে প্রত্যয়নপত্র	:	১ কপি
১১।	অডিট আপত্তি নেই মর্মে প্রত্যয়নপত্র	:	১ কপি
১২।	আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র	:	১ কপি
১৩।	নমিনির জাতীয় পরিচয়পত্র	:	১ কপি
১৪।	গৃহনির্মান অগ্রিম লোন বিমোচনপত্র	:	১ কপি
১৫।	সোনালী ব্যাংকের চেকের ফটোকপি	:	১ কপি
১৬।	পি, আর, এল, মঞ্জুরির আদেশনামা	:	১ কপি

০২। জনাব মোঃ আলতাফ হোসেন-কে অবসর ভাতা ও আনুতোষিক উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

আহম্মদ কামরুজ্জামান  
মহাপরিচালক (চলতি দায়িত্ব)  
ফোনঃ ৪৪৮১৩০৬২

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। স্টেশন প্রকৌশলী, মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহন কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। জনাব মোঃ আলতাফ হোসেন, সাবেক মটর চালক, স্টেশন প্রকৌশলীর কাযালয়, মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
- ৪। গার্ড ফাইল।